[redacted]

[redacted]

স্লোগান দিতে থাকে। এমডির কালো হাত ভেঙ্গে দাও গুড়িয়ে দেও।নির্বাচন না দিলে বৃহত্তর আন্দোলন গড়ে তুলা হবে।

গত সোমবার রাত থেকেই কেরু ক্যাম্পাসজুড়ে উত্তেজনা ছড়িয়ে পড়ে। দীর্ঘদিন নির্বাচন না হওয়া এবং নেতৃত্ব সংকটের কারণে শ্রমিকদের মধ্যে ক্ষোভ তৈরি হয়।

বর্তমানে কেরু ক্যাম্পাস এলাকায় উত্তেজনা বিরাজ করছে। যেকোন সময় রক্তক্ষয়ীর সংঘর্ষ ঘটতে পারে। এ ঘটনায় দর্শনা কেরুজ ব্যাবস্থাপনা পরিচালক রাব্বিক হাসান বলেন, আমি সব কিছু সদর দপ্তরকে জানিয়ে দিয়েছি। তারা সিদ্ধান্ত দিলে আমি আন্দোলনকৃত শ্রমিকদের জানাবো। এ বিষয়ে দর্শনা থানার ওসি তদন্ত সুলতান মাহমুদ বলেন, আমরা সব সময় আইন শৃংখলা বজায় রাখার জন্য যা যা দরকার আমরা তাই করবো।

এ রিপোর্ট লেখা পর্যন্ত সাবেক সভাপতি ও সাবেক সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম পিন্স বলেন, আগামী বুধবার সন্ধ্যা পর্যন্ত আমাদের দাবি না মানলে আবার সকাল ১০ টা থেকে লাগাতার কর্মসূচী দেওয়া হবে।

দর্শনায় ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি কে সংবর্ধনা

আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের দর্শনা শাখা কার্যালয়ের পক্ষ থেকে চুয়াডাঙ্গা আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি জাহাঙ্গীর হোসেন খোকন কে সংবর্ধনা দেওয়া হয়েছে। গতকাল শুক্রবার বিকাল ৫ টায় আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের দর্শনা শাখা কার্যালয়ে এ সংবর্ধনা অনুষ্ঠান অনুষ্ঠিত হয়।

আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের দর্শনা শাখা কার্যালয়ের সভাপতি সাইফুল ইসলাম এর সভাপতিত্বে চুয়াডাঙ্গা আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের ভারপ্রাপ্ত সভাপতি

মোঃ জাহাঙ্গীর হোসেন খোকন বলেন, চুয়াডাঙ্গা জেলার বাস ও ট্রাক শ্রমিকদের আস্থার সংগঠনের সকল সদস্যকে পাশে নিয়ে উন্নয়ন মূলক কাজ করতে চাই।

এ সময় অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন, চুয়াডাঙ্গা আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের সহ-সভাপতি মোঃ হাফিজুর রহমান শান্ত, সাংগঠনিক সম্পাদক মোঃ আনোয়ার হোসেন আনু, কোষাধ্যক্ষ মোঃ রকিবুল ইসলাম এবং আন্তঃজেলা ট্রাক ও ট্যাঙ্কলরি শ্রমিক ইউনিয়নের দর্শনা শাখা কার্যালয়ের সাধারণ সম্পাদক মোঃ আবু সাইদ, সিনিয়র-সহ-সভাপতি মোঃ হুমায়ন কবির, প্রচার সম্পাদক মোঃ সানোয়ার হোসেন, কোষাধ্যক্ষ শ্রী পার্থ প্রতিম রবি শিকদার, কার্য্য নির্বাহী সদস্য মোঃ নাজমুল হোসেন প্রমুখ।

সভাপতি সাইফুল ও সাধারণ সম্পাদক আবু সাঈদ নিবার্চিত

চুয়াডাঙ্গা আন্তঃ জেলা ট্রাক ও ট্যাংকলরী দর্শনা শাখার শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন সম্পূর্ণ হয়েছে। এ নির্বাচনে সাইফুল ইসলাম সভাপতি ও আবু সাঈদ সাধারণ সম্পাদক নিবার্চিত হয়েছে।

গতকাল বুধবার চুয়াডাঙ্গা আন্তঃ জেলা ট্রাক ও ট্যাংকলরী দর্শনা শাখার শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন শান্তিপূর্ণ উৎসবমুখোর পরিবেশে অনুষ্ঠিত হয়েছে। নিবার্চনকে ঘিরে দর্শনা শহর ছিলো নিবার্চনী উৎসবমুখোর। ১৩টি পদের অনুকুলে ২৭৫ জন ভোটারের মধ্যে ২৬১টি জন ভোটার বিভিন্ন পদে তাদের ভোট প্রদান করেন। বাকি ১৭ জন ভোটার বাইরে থাকার কারণে ভোট দেওয়া থেকে বিরত ছিলেন। ২২ জন প্রার্থীকে ২৬১ জন ভোটার তাদের ভোট দিয়ে সভাপতি পদে সাইফুল ইসলাম (বাই-সাইকেল) মার্কায় ১৩৭ ভোট পেয়ে নিবার্চিত হয়েছে। তার নিকটতম প্রার্থী ইসরাইল হোসেন (হাঁতুড়ি) মার্কায় ৮৬ ভোট পেয়েছেন। সহ-সভাপতি পদে ৩ জন প্রার্থীর মধ্যে মধ্যে হুমায়ন কবীর (মাছ) মাকার্য় ১৪৭ ভোট পেয়ে এবং মোশারেফ জোয়াদ্দার্র (হাতি) মার্কায় ১৩১ ভোট পেয়ে নিবার্চিত হয়েছে। তাদের নিকটতম প্রার্থী

কাজল আহম্মেদ আব্বাস ৮৫ ভোট পেয়েছে।

সাধারণ সম্পাদক পদে ভোট যুদ্ধে অংশ নিয়ে আবু সাঈদ (ট্রাক) মার্কায় ১১৫ ভোট পেয়ে নিবার্চিত হয়েছে। তার নিকটতম প্রার্থী মুজিবুল আলম (কুঁড়েঘর) মার্কায় ৬৬ ভোট পেয়েছে ।

যুগ্ম সম্পাদক পদে ২ প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করেন এর মধ্যে ইকবাল হোসেন শিপন দোয়াত কলম) মার্কায় ১৭৯ সবর্বচ ১৭৯ ভোট পেযৈ নিবার্চিত হয়েছে। তার নিকটতম প্রাথী আবু সাঈদ (রিক্র) মার্কায় ৪৪ ভোট পেয়েছে। সহ-সম্পাদক পদে ২জন প্রার্থীর মধ্যে মোঃ আসলাম (ফুটবল) মার্কায় ১৫৮ ভোট পেয়ে নিবাচিত হয়েছে। তার নিকটতম প্রার্থী আনারুল ইসলাম (মই) মাকার্য় ৫৯ ভোট পেয়েছে।
সাংগঠনিক সম্পাদক পদে ২ জন প্রার্থীর মধ্যে আব্দুল জলিল (গোলাপফুল) মার্কায় ১৬৬ ভোট পেয়ে নিবার্চিত হয়েছে। অপর প্রার্থী ফিরোজ আলী (মোটর সাইকেল) মাকার্য় ৬৩ ভোট পেয়েছে। প্রচার সম্পাদক পদে ১ জন সানোয়ার হোসেন (মাইক) মার্কায় বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী হয়েছে। কোষাধ্যক্ষ পদে ২জন প্রতিদ্বন্দ্বিতা করেন্, এর মধ্যে শ্রী পার্থ প্রতিম শিকদার (মোবাইল) মার্কায় ১৭২ ভোট পেয়ে নিবার্চিত হয়েছে। তার নিকটতম প্রার্থী ফেরদৌস হোসেন (কলস) মার্কায় ৫৪ ভোট পেয়েছে।

এছাড়া কার্যকরী সদস্য পদে কোন প্রতিদ্বন্দ্বি না থাকায় ৪ জন কার্যকরী সদস্য পদে শাহিন আলম (রকি) (মোরগ), সাহেব আলী (হুইলরেঞ্জ), জীবন হোসেন (টুপি) ও নাজমুল হোসেন (টিউবয়েল) মার্কা নিয়ে ভোটে অংশ নিয়ে বিনা প্রতিদ্বন্দ্বিতায় বিজয়ী হয়েছে বলে জানান, নিবার্চন পরিচালনা কমিটির প্রধান আনোয়ার হোসেন।

এছাড়া নিবার্চন পরিচালনা কমিটির প্রধান আনোয়ার হোসেন বলেন, আমি আমার নিবার্চন পরিচালনা কমিটির দুইজন সদস্য হাজী লিটন ও আব্দুল লতিফকে সাথে নিয়ে উৎসব মুখোর শান্তিপূর্ণ পরিবেশে নিবার্চন সম্পূর্ণ হয়েছে।

এছাড়া সুষ্ঠ পরিবেশে ভোটাররা তাদের ভোট প্রদান করেছেন। আমি অত্যান্ত খুশি ও আনন্দিত। ট্রাক ও ট্যাংকলরী দর্শনা শাখার শ্রমিক ইউনিয়নের সকল শ্রমিক আমার নিবার্চন পরিচালনায় সহযোগিতা করায় তাদের সকলকে ধন্যবাদ জানায়।

আলমডাঙ্গায় ট্রাক, ট্যাংকার ও কাভার্ট ভ্যান শ্রমিক ইউনিয়নের সভাপতির পদত্যাগ

আলমডাঙ্গায় ট্রাক, ট্যাংকার ও কাভার্ট ভ্যান শ্রমিক ইউনিয়নের ৯৫৭ এর সভাপতি আইনাল হক পদত্যাগ করেছে। আজ সোমবার (২৫ নভেম্বর) বিকেলে আইনাল হকের সাক্ষরিত পদত্যাগ পত্র মেহেরপুর প্রতিদিনের নিকট দিয়েছেন।

ইতিপূর্বে তিনি চুয়াডাঙ্গা জেলা ট্রাক, ট্যাংকার ও কাভার্ট ভ্যান শ্রমিক ইউনিয়নের সাবেক সিনিয়র সহ-সভাপতি হিসেবে দায়িত্বপালন করেছিলেন।

পদত্যাগপত্রে তিনি উল্লেখ করেছে, তিনি দীর্ঘদিন ৯৫৭ নং ট্রাক, ট্যাংকার ও কাভার্ট ভ্যান শ্রমিক ইউনিয়নের সভাপতি হিসেবে দায়িত্বপালন করে আসছিলেন। তিনি ওই কমিটির অন্যত্র নেতাকর্মীদের সাথে ঐক্যমতে অমিল হবার কারণে স্বেচ্ছায় পদত্যাগ করছেন বলে জানান আইনাল হক। তিনি ব্যক্তিগত সিদ্ধান্তেই পদত্যাগ করেছেন।

ঝিনাইদহে শ্রমিক ইউনিয়নের মৃত সদস্যের পরিবারে এককালিন আর্থিক অনুদান প্রদান

ঝিনাইদহ জেলা বাস, মিনিবাস, কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের মৃত সদস্যের পরিবারকে এককালিন ২ লক্ষ টাকা প্রদান করা হয়েছে।

আজ বুধবার (১০জুলাই) সকাল ১১টার শ্রমিক ইউনিয়নের নিজস্ব

কার্যালয়ে আলোচনা সভার মাধ্যমে এই ৬টি পরিবারের মাঝে এই অনুদান প্রদান করা হয়।

জেলা বাস, মিনিবাস, কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের সভাপতি ওয়ালিয়ার রহমানের সভাপতিত্বে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন জাহেদী ফাউন্ডেশনের প্রধান সমন্বয়কারী তবিবুর রহমান লাবু।

এসময় আরও উপস্থিত ছিলেন জেলা বাস, মিনিবাস, কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের কার্যকরী সভাপতি এস.এম.আবু সাইদ, সহ-সভাপতি অলিয়ার রহমান, আমির ফয়সাল মহব্বত, মিজানুর রহমান, সাধারণ সম্পাদক আশরাফুজ্জামান খোকন, যুগ্ম সাধারণ সম্পাদক হানিফ খান, সহ-সাধারণ সম্পাদক মনিরুল ইসলাম, আত্তাপ হোসেন, সাংগঠনিক সম্পাদক খাইরুল ইসলাম, সহ-সাংগঠনিক সম্পাদক আব্দুর রাজ্জাক, দপ্তর সম্পাদক টুলু বিশ্বাস চুন্নু, প্রচার সম্পাদক ফিরোজ আলী, ক্রীড়া ও সাংস্কৃতিক সম্পাদক মিজানুর রহমান লিটন, শ্রম কল্যাণ সম্পাদক আনিচুর রহমান, কোষাধ্যক্ষ শহিদুল ইসলাম, সড়ক সম্পাদক জাহাঙ্গীর হোসেন, কার্যনির্বাহী সদস্য মশিয়ার রহমান, মফিজুর রহমান সুমন, বিল্লাল হোসেন, দিলীপ কুমার হোড়, আঃ বারিক, কামরুজ্জামান।

আলোচনা শেষে প্রধান অতিথি বাস, মিনিবাস, কোচ ও মাইক্রোবাস শ্রমিক ইউনিয়নের মৃত সদস্যের ৪টি পরিবারকে নগদ ২৫ হাজার করে ও ২টি পরিবারকে ৫০ হাজার করে মোট ২ লক্ষ টাকা প্রদান করেছেন।

মেহেরপুর সদর উপজেলা ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়নের মে দিবস পালন

“শ্রমিক-মালিক গড়বো দেশ, স্মার্ট হবে বাংলাদেশ” এই প্রতিপাদ্যে মেহেরপুর সদর উপজেলা ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়নের উদ্যোগে মহান আন্তর্জাতিক শ্রমিক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে বর্ণাঢ্য র্যালীর আয়োজন করা হয়।

আজ বুধবার (১ মে) সকাল ৯ টার দিকে সদর উপজেলা ইমারত নির্মাণ শ্রমিক ইউনিয়নের নিজস্ব কার্যালয় থেকে র্যালী বের করা হয়। র্যালীটি প্রধান প্রধান সড়ক প্রদক্ষিণ করে পৌর কমিউনিটি সেন্টারে এসে শেষ হয়।

র্যালীর নেতৃত্ব দেন সদর জেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের সভাপতি মোঃ আব্দুল করিম এবং প্রতিষ্ঠাতা সভাপতি মোঃ সাইদুল আলম শাহীন।

এসময় সদর জেলা ইমারত নির্মাণকারী শ্রমিক ইউনিয়নের সাধারণ সম্পাদক মোঃ মনিরুল ইসলাম, সহ-সাধারণ সম্পাদক মোঃ রাসেল, কোষাধাক্ষ খন্দকার নাফিজুর রহমান, দপ্তর সম্পাদক মোঃ আব্দুল মোতালেব, সাংস্কৃতিক ও ক্রীড়া সম্পাদক মোঃ ইসরাফিল, সাংগঠনিক সম্পাদক মোঃ আঃ রাজ্জাক, প্রচার সম্পাদক মোঃ মিলন, শ্রম কল্যাণ সম্পাদক মোঃ মাহাবুব আলম লিটন, কার্যনির্বাহী সদস্য মোঃ ফিরোজ আলী, মোঃ আঃ মোমিন, মোঃ জিন্নাতুল, মোঃ সাবদার আলী প্রমুখ উপস্থিত ছিলেন।

মেহেরপুরে টাইল,পাইপ এন্ড সেনেটারী শ্রমিক ইউনিয়নের শ্রমিক দিবস পালন

১ লা মে মহান শ্রমিক দিবস ২০২৪ উদযাপন উপলক্ষে মেহেরপুর সদর উপজেলার টাইল, পাইপ এন্ড সেনেটারীসহ নির্মাণ শ্রমিক ইউনিয়নের উদ্যোগে বর্ণাঢ্য র্যালীর আয়োজন করা হয়।

আজ বুধবার (১ মে) দিবসটি উপলক্ষে শহরের কোট রোড,বকুলতলা থেকে কমিউনিটি সেন্টার পর্যন্ত একটি র্যালী বের করা হয়।

র্যালীটির নেতৃত্ব দেন সদর উপজেলার টাইল, পাইপ এন্ড সেনেটারীসহ নির্মাণ শ্রমিক ইউনিয়নের সভাপতি আব্দুল সালাম।

এসময় সাধারণ সম্পাদক আনোয়ার হোসেন (মুন্না), সহ-সভাপতি মহর আলী

খান (তুষার), সাংগঠনিক সম্পাদক নাজমুল করিম মুক্তা, কোষাধক্ষ্য মোমিন খান, প্রচার সম্পাদক মামুন শিকদার, সদস্য উজ্জল মিয়াসহ অন্যান্য নেতাকর্মীগণ অন্যান্য নেতাকর্মীগণ অন্যান্য শ্রমিক সদস্যগণ উপস্থিত ছিলেন।

আলমডাঙ্গায় আন্তজেলা ট্রাক ট্যাংকলরী শ্রমিক ইউনিয়নের নির্বাচন অনুষ্ঠিত

উৎসবমুখর পরিবেশে আন্তঃজেলা ট্রাক ট্রাংকলরী কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়ন ১৮৯৫র আলমডাঙ্গা শাখা কার্যালয়ের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। নির্বাচনে রিয়াজ উদ্দিন সভাপতি ও মজিবার রহমান সাধারণ সম্পাদক নির্বাচিত হয়েছেন।

আলমডাঙ্গায় গতকাল শনিবার উৎসবমুখর পরিবেশে আন্তঃজেলা ট্রাক ট্রাংকলরী কাভার্ড ভ্যান শ্রমিক ইউনিয়ন ১৮৯৫র শাখা কার্যালয়ের নির্বাচন অনুষ্ঠিত হয়।

সকাল ১০ টা থেকে ৪ টা পর্যন্ত একটানা ভোট গ্রহণ করা হয়। নির্বাচনে মোট ৪৩৩ টি ভোটার মধ্যে ৪০৫ টি ভোট পোল হয়েছে। নির্বাচনে সভাপতি পদে মো: রিয়াজ উদ্দিন ছাতা প্রতিক নিয়ে ২৬৫ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি আব্দুল মালেক সাইকেল প্রতিক পেয়েছেন ১৩৬ ভোট।

সাধারণ সম্পাদক পদে মজিবার রহমান আনারস প্রতিক নিয়ে ১৯৩ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি আকুল আলী মাছ প্রতিক নিয়ে পেয়েছেন ১১২ ভোট, অপর প্রতিদ্বন্দ্বি প্রার্থী রফিকুল ইসলাম কুড়েঘর প্রতিক নিয়ে পেয়েছে ৭৮ ভোট।

এছাড়াও সহ-সভাপতি পদে হাফিজুল ইসলাম দাড়িপাল্লা প্রতিক নিয়ে ১৯৯ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি প্রার্থী শহিদুল ইসলাম ইপি হরিণ প্রতিক নিয়ে পেয়েছেন ১৭৫ ভোট ও অপর

প্রতিদ্বন্দ্বি প্রার্থী জাহাঙ্গীর আলম মশাল প্রতিক নিয়ে পেয়েছেন ১৫৯ ভোট।

যুগ্ম সম্পাদক পদে সাজ্জাদুর রহমান সাজু ট্রাক প্রতিক নিয়ে ১৯৫ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি প্রার্থী আব্দুল জব্বার হাতি প্রতিক নিয়ে ১১৩ ভোট ও অপর প্রতিদ্বন্দ্বি প্রার্থী মিজানুর রহমান দোয়াতকলম প্রতিক নিয়ে পেয়েছেন ৫৯ ভোট। সহ-সম্পাদক পদে মুক্তার আলী মই প্রতিক নিয়ে ১৬৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি সুরমত আলী চেয়ার প্রতিক নিয়ে পেয়েছেন ১৩৪ ভোট ও অপর প্রতিদ্বন্দ্বি প্রার্থী মিজানুর রহমান ফুটবল প্রতিক নিয়ে পেয়েছেন ৫৮ ভোট।

সাংগঠনিক সম্পাদক পদে আব্দুল হান্নান বালতি প্রতিক নিয়ে ১৪২ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি সুজন শেখ মোটর সাইকেল প্রতিক নিয়ে পেয়েছেন ১৩৩ ভোট ও অপর প্রতিদ্বন্দ্বি প্রার্থী মোজাফ্ফর হোসেন গোলাপ প্রতিক নিয়ে পেয়েছেন ১১৯ ভোট। প্রচার সম্পাদক পদে আশরাফুল হক রুবেল উড়োজাহাজ প্রতিক নিয়ে ২১৪ ভোট পেয়ে বিজয়ী হয়েছেন। তার নিকটতম প্রতিদ্বন্দ্বি প্রার্থী এনামুল হক মাইক প্রতিক নিয়ে পেয়েছেন ১৫৩ ভোট।

নির্বাচন কমিশনার হিসেবে দ্বায়িত্ব পালন করেন চুয়াডাঙ্গা আন্তজেলা ট্রাক ট্যাংকলরী শ্রমিক ইউনিয়নের মামুন অর রশিদ।

উৎসব মুখর পরিবেশে মেহেরপুরে শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন চলছে

ব্যাপক উৎসাহ উদ্দীপনার মধ্য দিয়ে মেহেরপুর জেলা ট্রাক, ট্রাক্টর, কাভার্ডভ্যান, ট্রাংকলরি (দাহ পদার্থ ব্যতীত) শ্রমিক ইউনিয়নের ত্রি-বার্ষিক নির্বাচন চলছে।

উৎসব মুখর এই নির্বাচনে সংগঠনের ১ হাজার ৬৪৪ জন ভোটার ভোট

প্রয়োগ করবেন।

আজ শনিবার (২০ আগষ্ট) সকাল ৮ টায় ভোটদান শুরু হয়েছে। বিকাল বিকাল ৫ টা পর্যন্ত ভোটদান চলবে।

মোট ১১ টি পদের বিপরীতে ২ টি প্যানেল থেকে ২২ জনসহ মোট ২৩ জন প্রার্থী প্রতিদ্বন্দ্বিতা করছেন।

নির্বাচনে আকিব-শাহজাহান প্যানেলে সভাপতি পদে এস এম আকিব, সাধারণ সম্পাদক পদে শাহজাহান, কার্যকরী সভাপতি বাহাদুর, সহ সভাপতি মাসুদ, সহ সম্পাদক সাইদুল, সাংগঠনিক আক্তার, প্রচার সম্পাদক মানিক, লাইন সম্পাদক তারেক,কোষাধক্ষ্য সোহেল, সদস্য সমসের ও রিপন প্রতিদ্বন্দ্বীতা করেছেন।

অপরদিকে রকেট-বাবু পরিষদে সভাপতি পদে নিজামুল ইসলাম রকেট, সাধারণ সম্পাদক পদে কুতুব উদ্দিন বাবু, কার্যকরী সভাপতি পদে হাফিজুর রহমান, সহ-সভাপতি নুরুল ইসলাম, সহ-সম্পাদক পদে জাহিদুল ইসলাম সাংগঠনিক সম্পাদক মিয়াজান আলী, প্রচার সম্পাদক শহীদুল ইসলাম, লাইন সম্পাদক আল-আমিন হোসেন, কোষাধক্ষ্য কামাল শেখ রিঙ্কু, কার্যকরী সদস্য কাবেল আলী এবং মন্টু।

এদিকে নির্বাহী সদস্য পদের স্বতন্ত্র প্রার্থী হিসাবে রয়েছেন সুমন হোসেন।

নির্বাচন কমিশনার রাহিনুর জামান পলেন বলেন, উৎসবমুখর পরিবেশে শান্তিপূর্ণ পরিবেশে ভোটগ্রহণ চলছে।এখনও কোনো অপ্রতিকর ঘটনা ঘটেনি। শ্রমিক ইউনিয়নের ভোট হলেও নিরাপত্তার স্বার্থে বাইরে বিপুল সংখ্যক পুলিশ মোতায়েন করা হয়েছে।নির্বাচন সুষ্ঠুভাবে সম্পন্ন করার লক্ষ্যে সব ধরনের প্রস্তুতি নেওয়া হয়েছে।